



সকল সরকারি এবং বেসরকারি মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রি-সি রেটিং প্রশিক্ষণ কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি



সমুদ্রগামী জাহাজে রেটিং হিসাবে যোগদানের জন্য প্রশিক্ষণ গ্রহন করুন।

নিম্নবর্ণিত মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ২০২৫ (খ্রীষ্টাব্দকালীন) প্রি-সি নাবিক (রেটিং) কোর্সে ভর্তির জন্য অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

১। ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম। আসন সংখ্যাঃ ডেক-৫০, ইঞ্জিন -৫০, স্টুয়ার্ড -২৫, কুক-২৫, ফিটার-কাম-ওয়েল্ডার-৩০, ইলেকট্রিশিয়ান-২০ = ২০০ জন।

২। ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, মাদারীপুর। আসন সংখ্যাঃ ডেক-৩৫, ইঞ্জিন -২৫, স্টুয়ার্ড -১০, কুক-১০, ফিটার-কাম-ওয়েল্ডার-১০, ইলেকট্রিশিয়ান-১০ = ১০০ জন।

৩। ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি, গাজীপুর। আসন সংখ্যাঃ ডেক-২০, ফিটার-কাম-ওয়েল্ডার-১০ = ৩০ জন।

৪। মাস মেরিন একাডেমি, চট্টগ্রাম। আসন সংখ্যাঃ ডেক-৩৫, ইঞ্জিন -১৫, = ৫০ জন।

৫। ইন্টারন্যাশনাল মেরিটাইম ট্রেনিং একাডেমি, ঢাকা। আসন সংখ্যাঃ ডেক-৩০, কুক-১০, ফিটার-কাম-ওয়েল্ডার-১০ = ৫০ জন।

৬। ওশেন মেরিটাইম একাডেমি, চট্টগ্রাম। আসন সংখ্যাঃ ডেক-১৫, ইঞ্জিন -১০, স্টুয়ার্ড -১০, কুক-১০, ফিটার-কাম-ওয়েল্ডার-১০ = ৫৫ জন।

৭। ওয়ার্ল্ড মেরিটাইম ইনস্টিটিউট, নারায়ণগঞ্জ। আসন সংখ্যাঃ ডেক-২৩, ইঞ্জিন -১২, = ৩৫ জন।

বিঃদ্রঃ প্রয়োজনীয়তা বিবেচনা করে সরকার আসন সংখ্যা কম/বেশি করতে পারে।।

আবেদনের যোগ্যতাঃ

(ক) বয়সঃ ০১-০৭-২০২৫ ইং তারিখে সাধারণ প্রার্থীদের বয়সসীমা ১৬ থেকে ২৫ বছর, ডিপ্লোমাধারী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ২০ থেকে ৩৫ বছর এবং নৌবাহিনীর প্রার্থীদের ক্ষেত্রে ২৫ হতে ৪৫ বছর। প্রার্থীর এসএসসি/সমমান সনদে রেকর্ডকৃত বয়স বিবেচনা করা হবে। বয়স সম্পর্কিত অন্য কোন সনদ কিংবা হলফনামা গ্রহণ করা হবে না।

(খ) আবেদনকারীদের শিক্ষাগত যোগ্যতা(যে কোন একটি গ্রুপে আবেদন করতে পারবে):
ডেক ও ইঞ্জিন নাবিক (গ্রুপ-১): ন্যূনতম এসএসসি, জিপিএ সর্বনিম্ন ২.৫ অথবা সমমানের।
স্টুয়ার্ড ও কুক নাবিক (গ্রুপ-২): ন্যূনতম এসএসসি, জিপিএ সর্বনিম্ন ২.৫ অথবা সমমানের।
ইলেকট্রিশিয়ান নাবিক (গ্রুপ-৩) সরকার অনুমোদিত কোন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা অথবা ন্যূনতম এসএসসি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ ২ (দুই) বছরের ট্রেড কোর্স অথবা উক্ত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশ নৌবাহিনীর ইলেকট্রিক্যাল ওয়ার্কশপে ৬ (ছয়) মাসের প্রশিক্ষণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন।

আবেদন করতে ভিজিট করুনঃ www.dos.gov.bd

ফিটার-কাম-ওয়েল্ডার নাবিক (গ্রুপ-৪): সরকার অনুমোদিত কোন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে মেরিন/মেকানিক্যাল/ পাওয়ার /অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং / শিপ বিল্ডিং এ ডিপ্লোমা পাশ অথবা ন্যূনতম এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ ২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স পাশ অথবা ন্যূনতম এসএসসি / সমমানসহ বিটাক বা সমমানের প্রতিষ্ঠান থেকে ওয়েল্ডিং অথবা মেশিন শপে ৩ মাসের প্রশিক্ষণ।
উচ্চতাঃ ন্যূনতম ৫'-২"
ওজনঃ বিশ্ব স্বাস্থ্য সংস্থার BMI চার্ট মোতাবেক BMI ন্যূনতম ১৭ এবং সর্বোচ্চ ২৭।
যেমন ৫'-২" এর ক্ষেত্রে ৪২-৬৭ কেজি।
দৃষ্টিশক্তিঃ চশমা ব্যতীত ডেক রেটিংদের জন্য দুই চোখ ৬/৬ এবং অন্যান্য রেটিংদের জন্য দুই চোখ কমপক্ষে ৬/১২ এবং সকল নাবিককে **বর্ণাঙ্কতামুক্ত (কালার ব্লাইন্ডনেস)** হতে হবে।

চূড়ান্ত নির্বাচন পদ্ধতির ধাপসমূহঃ

(ক) এস.এস.সি/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের মূল্যায়ন করা হয়।
এস.এস.সি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২০ গুন = ১০০ নম্বর (সর্বোচ্চ)
ভর্তি পরীক্ষার = ১০০ নম্বর
মোট নম্বর = ২০০ নম্বর
ভর্তি পরীক্ষার পদ্ধতিঃ নৈব্যক্তিক (MCQ) পদ্ধতিতে মোট ১০০টি প্রশ্ন থাকবে।
প্রশ্নগুলোর বিষয় ভিত্তিক নম্বর বিভাজন নিম্নরূপ:-
গণিত-৩০, ইংরেজি -৩৫, বাংলাদেশ ও সাধারণ জ্ঞান -৩৫
(খ) ভর্তি পরীক্ষায় পাশ নম্বর ৪০%
(গ) পরীক্ষার সময়, ৯০ মিনিট

প্রশিক্ষণঃ

চূড়ান্তভাবে মনোনীত নাবিকগণ বিভিন্ন সরকারি ও বেসরকারি মেরিটাইম প্রতিষ্ঠানে প্রশিক্ষণ শেষে সনদপ্রাপ্ত হবেন।

অনলাইনে আবেদন পদ্ধতিঃ

নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইট (dos.gov.bd) এর মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। আবেদন করতে কোন সমস্যা হলে dosrating.solutionart.net এর মাধ্যমেও আবেদন করা যাবে। আবেদনের নির্দেশিকা বর্ণিত ওয়েবসাইটে প্রদান করা হয়েছে। আবেদনের ছবি তোলা ক্ষেত্রে নির্দেশিকায় বর্ণিত Mobile APP এ Login করে আবেদন পত্রের সাথে প্রার্থীর ছবি যুক্ত করতে হবে, যা পরবর্তীতে ভর্তি পরীক্ষার প্রতিটি ধাপে AI Face Verification এর মাধ্যমে প্রার্থী যাচাই এর কাজে ব্যবহৃত হবে। জাল প্রার্থীর ক্ষেত্রে গুরুতর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
আবেদন ফি ৬০০/- (সকল সার্ভিস চার্জসহ)
প্রয়োজনে যোগাযোগঃ ০১৮১০০০১১৯০, ০১৮১৫৩৩০৫৯৭।

আবেদন ও লিখিত পরীক্ষার তারিখ /সময়/কেন্দ্রঃ

লিখিত পরীক্ষার তারিখ /সময় /কেন্দ্র পরবর্তীতে মোবাইলে এসএমএস /ওয়েবসাইট এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

আবেদনের তারিখঃ

আবেদনের শুরুর তারিখঃ ০৯-০৭-২০২৫ইং
আবেদনের শেষ তারিখঃ ২৩-০৭-২০২৫ ইং

২৮-০৭-২০২৫ ইং তারিখ হতে অনলাইনে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।

বিশেষ নির্দেশনাঃ

সরকারি মেরিটাইম ইনস্টিটিউট হতে পাশকৃত সকল নাবিকদের জাহাজে শিক্ষানবিশকালীন প্রশিক্ষণের বিষয়ে স্ব স্ব ইনস্টিটিউট সকল ধরনের সহযোগিতা প্রদান করবে। বেসরকারি মেরিটাইম ইনস্টিটিউট কর্তৃপক্ষ নাবিকদের জাহাজে শিক্ষানবিশকালীন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবে। সরকারি ও বেসরকারি মেরিটাইম ইনস্টিটিউট নাবিক (রেটিং) ভর্তির ক্ষেত্রে তাদের নিজস্ব নিয়মাবলি অনুসরণ করবে এবং তাদের প্রশিক্ষণ খরচে ভিন্নতা রয়েছে।

সতর্কতাবাণীঃ

!!! কোন ব্যক্তি ভর্তির নিশ্চয়তা দিয়ে আপনার নিকট অর্থ দাবি করলে নিশ্চিত জেনে রাখুন যে আপনি প্রতারিত হচ্ছেন। যে কোন প্রকার সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে!!!

বর্ণাঙ্কতা একটি জন্মগত সমস্যা। ভর্তি পরীক্ষা, প্রশিক্ষণকালীন সময় বা কর্মজীবনের কখনো বর্ণাঙ্কতা ধরা পড়লে সংশ্লিষ্ট পদে চাকরি করার যোগ্যতা হারাবেন। বর্ণাঙ্কতা থাকলে সংশ্লিষ্ট পদে আবেদন করা থেকে বিরত থাকতে অবহিত করা হলো।

